

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭।

[www.lged.gov.bd](http://www.lged.gov.bd)



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি


স্মারক নং-৪৬.০২.০০০০.০০১.১৯.০৯৯.১৮-৬৮-৩৮

তারিখ: ১২.১০.২০২০ খ্রিঃ।

অফিস আদেশ

এলজিইডি'র সর্বস্তরে কাজের গতিশীলতা, জনবলের সুসম বন্টন, ভিন্ন ভিন্ন পদে কাজের অভিজ্ঞতা অর্জনের মাধ্যমে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশাসনিক কারণে জনস্বার্থে সদর দপ্তর ও মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের বদলি করা হয়ে থাকে। কিন্তু ইদানিং লক্ষ্য করা যাচ্ছে বদলিকৃত কর্মকর্তা/কর্মচারীগণের অনেকেই শারীরিক অসুস্থতার অজুহাতে বদলির আদেশ পরিবর্তন, সংশোধন বা বাতিলের জন্য আবেদন করেন; এতে অনেক ক্ষেত্রে প্রশাসনিক জটিলতার সৃষ্টি হয়। কোন বদলিকৃত কর্মকর্তা/কর্মচারী প্রকৃতপক্ষে শারীরিকভাবে অসুস্থ হয়ে স্থায়ীভাবে অক্ষম হলে বিধি মোতাবেক মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত অক্ষমতাজনিত সনদ দাখিলের পর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ তার বদলির আদেশ বাতিল, সংশোধন অথবা অক্ষমতাজনিত অবসর প্রদানের লক্ষ্যে যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে পারবেন; অথবা চিকিৎসাজনিত কারণে বদলির আদেশ বিবেচনার জন্য সুপারিশ করা যাবে না।

এমতাবস্থায়, বদলিকৃত কোন কর্মকর্তা/কর্মচারী অসুস্থ হলে বিধি মোতাবেক মেডিকেল বোর্ড কর্তৃক প্রদত্ত মেডিকেল সনদ সংযুক্তক্রমে বদলির আদেশ বাতিল, পরিবর্তন, সংশোধন বা অক্ষমতাজনিত অবসর গ্রহণের আবেদন যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণের জন্য নির্দেশ প্রদান করা হলো। এর ব্যতয় হলে সংশ্লিষ্ট সকলের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।

  
১০.১০.২০২০

(মোঃ আব্দুর রশীদ খান)

প্রধান প্রকৌশলী

ফোন: ৫৮১৫২৮০২

ই-মেইল: [ce@lged.gov.bd](mailto:ce@lged.gov.bd)

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

- (১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি,.....বিভাগ,.....।
- (৩) তত্ত্বাবধায়ক প্রকৌশলী....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৪) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি,.....অঞ্চল,.....।
- (৫) প্রকল্প পরিচালক,....., এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
- (৬) নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলা:.....।
- (৭) সেকশন ইনচার্জ, এমআইএস সেকশন, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- (৮) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলা:....., জেলা:.....।